# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৩৯) তাকদীরের উপর ঈমান আনয়নের স্তর কয়টি ও কি কি?

উত্তরঃ তাকদীরের উপর ঈমান আনয়নের চারটি স্তর রয়েছে। যথাঃ

প্রথম স্তরঃ আল্লাহর ইল্ম তথা তিনি সকল বস্তুকে স্বীয় জ্ঞানের মাধ্যমে পরিবেষ্টন করে আছেন- এ কথার প্রতি বিশ্বাস স্থাপন করা। আসমান ও যমীনে সরিষার দানা পরিমাণ বস্তুও তাঁর জ্ঞানের বাইরে নয়। সৃষ্টি করার পূর্ব হতেই তিনি সকল বস্তু সম্পর্কে অবগত আছেন। তাদের রিযিক, বয়স, কথা, কাজ, চলাচল, অবস্থান, গোপন-প্রকাশ্য, তাদের মধ্যে কে জান্নাতী এবং কে জাহান্নামী তাও তিনি জানেন।

দ্বিতীয় স্তরঃ প্রথম স্তরে বর্ণিত সকল বিষয় আল্লাহ্ তাআলা লিখে দিয়েছেন- এ কথার উপর ঈমান আনয়ন করা এবং বিশ্বাস স্থাপন করা যে, আল্লাহ্ তাআলা ঐ সমুদয় বস্তুই লিখে রেখেছেন, যা হবে বলে তাঁর জ্ঞানের আওতায় ছিল। লাওহে মাহ্ফুয ও কলমের প্রতি ঈমান আনয়নও উপরোক্ত বিষয়ের অন্তর্ভূক্ত।

তৃতীয় স্তরঃ আল্লাহর ইচ্ছা, যা অবশ্যই বাস্তবায়িত হয় এবং সর্বময় ক্ষমতার প্রতি ঈমান আনয়ন করা। যা কিছু সৃষ্টি হয়েছে এবং যা সৃষ্টি হবে, সে ক্ষেত্রে আল্লাহর ইচ্ছা ও ক্ষমতা এদু'টির একটি অন্যটির জন্য আবশ্যক। আর যা সৃষ্টি হয়নি এবং যা সৃষ্টি হবে না, সে ক্ষেত্রে আল্লাহর ইচ্ছা ও ক্ষমতা- এ দু'টির একটির জন্য অন্যটি জরুরী নয়। সুতরাং আল্লাহ্ তাআলা যা করতে চেয়েছেন তাঁর কুদরতের মাধ্যমে তা অবশ্যই বাস্তবায়িত হবে। আর যা তিনি করতে ইচ্ছা করেননি, তা বাস্তবায়িত হয় নি। তিনি ইচ্ছা করেননি, এ জন্যই বাস্তবায়িত হয় নি; এ জন্যে নয় যে, তিনি সেটি করতে সক্ষম নন। এ ব্যাপারে আল্লাহ তাআলা বলেনঃ

وَمَا كَانَ اللَّهُ لِيُعْجِزَهُ مِنْ شَيْءٍ فِي السَّمَوَاتِ وَلاَ فِي الأَرْضِ إِنَّهُ كَانَ عَلِيمًا قَدِيرًا

“আল্লাহ্ এমন নন যে, আকাশমন্ডলী এবং পৃথিবীর কোন কিছু তাকে অক্ষম করতে পারে। তিনি সর্বজ্ঞ ও সর্বশক্তিমান”। (সূরা ফাতিরঃ ৪৪)

চতুর্থ স্তরঃ এই বিশ্বাস করা যে, আল্লাহ্ তাআলা প্রত্যেক জিনিষের সৃষ্টিকর্তা। আরো বিশ্বাস করা যে, আসমান-যমীন এবং এতদুভয়ের মধ্যবর্তী স্থানের ছোট-বড় সকল বস্তুরই সৃষ্টিকর্তা তিনি। এসমস্ত সৃষ্টির চলাচল এবং অবস্থানও তিনি সৃষ্টি করেছেন। তিনি পবিত্র। তিনি ছাড়া কোন সৃষ্টিকর্তা নেই। তিনিই একমাত্র প্রতিপালক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11953

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন